

# এসইউবি ফার্মেসি বিভাগে দুই দিন ব্যাপী ইন্টারন্যাশনাল কনফারেন্স শুরু

সংবাদ অনলাইন রিপোর্ট

: শুক্রবার, ১২ মে ২০২৩



স্টেট ইউনিভার্সিটি অব বাংলাদেশ (এসইউবি)-এর ফার্মেসি বিভাগ কর্তৃক ইন্টারন্যাশনাল কনফারেন্স অন ফার্মাসিউটিক্যালস সাইন্সেস শুরু হয়েছে। কনফারেন্সে যুক্তরাষ্ট্র, দক্ষিণ কোরিয়া, মালয়েশিয়া, ভারত এবং নেপালসহ বিশ্বের বিভিন্ন দেশের ৩০ টিরও অধিক বিশ্ববিদ্যালয়ের গবেষক, শিক্ষাবিদ, ছাত্র-ছাত্রী এবং ফার্মাসিউটিক্যাল কোম্পানির উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করছেন।

কনফারেন্সটি এসইউবি এর দক্ষিণ পূর্বাচল স্থায়ী ক্যাম্পাসে অনুষ্ঠিত হচ্ছে। উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন স্টেট ইউনিভার্সিটি অব বাংলাদেশ এর ফার্মেসি বিভাগের উপদেষ্টা এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি অনুষদের সাবেক ডিন এবং ফার্মাসিউটিক্যাল কেমিস্ট্রি বিভাগের অধ্যাপক ড. এম এ রশিদ। স্বাগত বক্তব্যে তিনি ফার্মেসি গবেষণার সাম্প্রতিক বিভিন্ন দিক এবং কনফারেন্সের লক্ষ্য ও উদ্দেশ্য তুলে ধরেন। একইসাথে তিনি ফার্মাসিউটিক্যাল ফর্মুলেশন, নোভেল ড্রাগ ডেভেলপমেন্ট, ট্র্যাডিশনাল অ্যান্ড হারবাল মেডিসিন, নিউট্রাসিউটিক্যালস, বায়োটেক প্রোডাক্টস এবং ফার্মেসি প্র্যাকটিসসহ সংশ্লিষ্ট বিষয়ে আলোকপাত করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন স্টেট ইউনিভার্সিটি অব বাংলাদেশ এর উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ডাঃ নওজিয়া ইয়াসমিন। কনফারেন্সের প্রধান অতিথি ছিলেন, স্টেট ইউনিভার্সিটি অব বাংলাদেশ এর বোর্ড অব ট্রাস্টিজ এর সভাপতি ডাঃ এ এম শামীম। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদের (বিসিএসআইআর) চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ আফতাব আলী শেখ এবং কাঠমুন্ডু বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের একাডেমিক উপদেষ্টা অধ্যাপক ড. পান্না থাপ্পা।

অনুষ্ঠানে প্রধান অতিথি ডাঃ এ এম শামীম চতুর্থ শিল্প বিপ্লবের এই সময়ে ফার্মাসিউটিক্যালস খাতকে টিকিয়ে রাখার জন্য এই বিষয়ে গবেষণার উপর গুরুত্ব আরোপ করেন। এছাড়া বিশেষ অতিথি বিসিএসআইআর এর চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ আফতাব আলী শেখ একটি সমন্বিতযোগ্য কনফারেন্স আয়োজনের জন্য এসইউবি ফার্মেসি বিভাগকে ধন্যবাদ জানানোর পাশাপাশি এই ধরনের আয়োজন বিশ্ববিদ্যালয়গুলোতে গবেষণার পরিবেশ সৃষ্টিতে সহায়ক ভূমিকা পালন করবে বলে অভিমত ব্যক্ত করেন।